# সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৭) ধারা মতে মালিকানাধীন সম্পত্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, প্রাইম ব্যাংক পিএলসি, বগুড়া শাখা, বগুড়া অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৭) ধারা মতে মালিকানাধীন এর ঋণগ্রহীতা, **মেসার্স রিপন মটরস** এর প্রোপ্রাইটর **মোঃ জহুরুল হক মোমিন,** পিতা-আলহাজ্ব মোঃ নূরুন নবী, ঠিকানা-ন্যাশনাল হাইওয়ে (বাইপাস), তিনমাথা রেলগেট, পুরান বগুড়া, থানা ও জেলা-বগুড়া এবং অন্যান্য গ্যারান্টরগণের বিরুদ্ধে অর্থঋণ আদালত, বগুড়া কর্তৃক অর্থঋণ মামলা নং ৫৩/২০০৮ হতে উদ্ভূত ডিক্রি জারি মোকদ্দমা নং ০২/২০১০-এ প্রদত্ত ডিক্রির ভিত্তিতে সাকুল্য পাওনা **টাকা ৩৩,৩৯,৩৩,৪২১.০০ (তেত্রিশ কোটি উনচল্লিশ লক্ষ তেত্রিশ হাজার চার শত একুশ)** টাকা ও তদুপরি আদায়কাল পর্যন্ত প্রযোজ্য ক্ষতিপূরণসহ আদায়ের লক্ষ্যে অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩(৭) ধারামতে নিম্নবর্ণিত তফসিলভূক্ত সম্পত্তির মালিকানা স্বত্ব, মালিকানা স্বত্বের দলিল নং ৩/১৪ মূলে ডিক্রিদার ব্যাংকের অনুকূলে ন্যস্ত হয়েছে।

উক্ত সম্পত্তি বিক্রয়ের নিমিত্ত আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে দরপত্র আহ্বান করা যাইতেছে।

### -:দরপত্রের শর্তাবলী:-

১। দরপত্র আগামী ১৮/০৯/২০২৫ ইং তারিখ বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে প্রাইম ব্যাংক পিএলসি., প্রাইম টাওয়ার, আইন বিভাগ, ৩৫ এবং ৮, নিকুঞ্জ-২, এয়ারপোর্ট রোড, খিলক্ষেত, ঢাকাতে রক্ষিত টেন্ডার বাক্সে জমা প্রদান অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের মাধ্যমে দাখিল করিতে হইবে। ঐদিন বিকাল ৩:৫০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। **(উল্লেখ থাকে যে, উক্ত ধার্য তারিখে যদি কোন কারনে সরকারী ছুটি ঘোষনা করা হয় তাহলে পরবর্তী কার্য দিবসে উক্ত দরপত্র বাক্স খোলা হবে);**

২। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতার নাম, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, টিন নম্বর (যদি থাকে), স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং ফোন নম্বর উল্লেখ করিতে হইবে। তফসিল বর্ণিত সম্পত্তি পৃথক পৃথক অথবা যৌথভাবে ক্রয়ের জন্য দরপত্র জমা দেয়া যাইবে;

৩। প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর ১০ লক্ষ টাকা পর্যন্ত হইলে ২০%, উদ্ধৃত দর ১০ লক্ষ টাকার উর্ধ্বে কিন্তু ৫০ লক্ষ টাকা পর্যন্ত হইলে ১৫% এবং উদ্ধৃত দর ৫০ লক্ষ টাকার উর্ধ্বে হইলে ১০%, সমপরিমান টাকার জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে প্রাইম ব্যাংক পিএলসি., বগুড়া শাখা, বগুড়া এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। উদ্ধৃত দরের বাকী টাকা ব্যাংক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করিতে হইবে। নির্ধারিত সময়ের মধ্যে টাকা পরিশোধ করতে ব্যর্থ হইলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত হইবে। **উল্লেখ থাকে যে, সর্বোচ্চ দরদাতা কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সমস্ত টাকা পরিশোধ করার পর ব্যাংক উক্ত নিলামকৃত সম্পত্তি সাব-রেজিষ্ট্রি অফিসের মাধ্যমে রেজিষ্ট্রি করিয়া দিবে;**

৪। উপরোক্ত ৩ নং শর্তের অধীনে জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য সর্বোচ্চ দরপত্র দাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে;

৫। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক দরপত্র জমা দেওয়া যাইবে;

৬। সফল দরদাতাকে বা তার/তাদের মনোনীত ব্যাক্তি/প্রতিষ্ঠানকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচসহ ট্যাক্স, ভ্যাট ও অন্যান্য খরচাদি (সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করিতে হইবে।

### নিলামকৃত স্থাবর সম্পত্তির তফসিল

তফসিল সম্পত্তি - থানা ও জেলা বগুড়া, মৌজা - পুরাতন বগুড়া, জে. এল. নং ১২৩।

| খতিয়ান নং | | দাগ নং | | রকম | পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|
| সি.এস | এম.আর.আর | পুরাতন | নূতন | | |
| ১৮৭ | ১৯৫ | ৭৪৩ | ১৬৯৯ | দালান (নূর বোর্ডিং) | ০.০৫০০ |
| ১৮ ৭ | ১৯৫ | ৭২৮ | ১৪৪১ | মার্কেট, অফিস, গোডাউন | ০.০৬০০ |
| ১৮৭ | ১৯৫ | ৭৩৬ | ১৮৩৫ | মার্কেট, অফিস, গোডাউন | ০.০৬৫০ |
| ১৮৮ | ১৯৬ | ৭৩৫ | ১৮৩৫ | মার্কেট, অফিস, গোডাউন | ০.০২৫০ |
| ১৬৮ | ১৭৫ | ৭৩৮ | ১৮৩৫ | মার্কেট, অফিস, গোডাউন | ০.০৬৫০ |
| ১৬৮ | ১৭৫ | ৭৩৭ | ১৮৩৫ | মার্কেট, অফিস, গোডাউন | ০.২৩০০ |
| ১৬৮ | ১৭৫ | ৭২৯ | ১৮৩৬ | মার্কেট, অফিস, গোডাউন | ০.০৩০০ |
| ১৬৮ | ১৯৫ | ৯৬৭ | ১৮৩১ | মার্কেট, অফিস, গোডাউন | ০.০৪৫০ |
| ২৮ | ৩৫ | ৯০০ | ১৮৩০ | মার্কেট, অফিস, গোডাউন | ০.০৫০০ |
| ৯৮ | ১০৭ | ১০৪৪ | ১০৬৫ | সেমিপাকা বাড়ী | ০.০৩০০ |
| ৯৮ | ১০৭ | ১০৪২ | ১০৬২ | সেমিপাকা বাড়ী | ০.০০২৫ |

**মোট জমি:** ০.৬৫২৫ একর (দশমিক ছয় পাঁচ দুই পাঁচ একর জমি বা সোয়া পঁয়ষট্টি শতক এবং তদুপরিস্থ দালান (নূর বোর্ডিং), মার্কেট, অফিস, গোডাউন ও সেমিপাকা বাড়ি)

**আইন বিভাগ, প্রাইম টাওয়ার (৫ম তলা)**
প্লট নং-৩৫ এবং ৮ নিকুঞ্জ, সি/এ, এয়ারপোর্ট রোড, খিলক্ষেত, ঢাকা।
ফোনঃ +৮৮০৯৬১০৯৯০০০০ (এক্সটেনশন-১০৪০৩)

প্রাইম ব্যাংক

Size: 3 col. x 8.5 inch